



## মনোনয়ন নিয়ে আপিল করতে ইসিতে যাচ্ছেন মনিরা শারমিন



মনিরা শারমিন | ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ১১ দলীয় ঐক্যজোটের মনোনীত প্রার্থী ও এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনের মনোনয়ন স্থগিতের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা হচ্ছে। এ উদ্দেশ্যে তিনি আজ রোববার (২৬ এপ্রিল) দুপুরে নির্বাচন কমিশনে (ইসি) যাচ্ছেন। এনসিপির মিডিয়া সেলের তথ্য অনুযায়ী, দুপুর ২টায় আগারগাঁওয়ের নির্বাচন কমিশন কার্যালয়ে গিয়ে তিনি আপিল আবেদন জমা দেবেন। জানা যায়, তিনি ২০২৩ সালের অক্টোবরে বাংলাদেশ কৃষি ব্যাংকে অফিসার (জেনারেল) হিসেবে যোগ দেন এবং প্রায় দুই বছর পর ২০২৫ সালে চাকরি থেকে পদত্যাগ করেন। গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী, সরকারি চাকরি থেকে অবসর বা পদত্যাগের পর তিন বছর পূর্ণ না হলে সংসদ সদস্য হওয়ার যোগ্যতা থাকে না। এই বিধানকে কারণ দেখিয়েই তার মনোনয়নপত্র বাতিল করে রিটার্নিং কর্মকর্তা মঈন উদ্দীন খান সিদ্ধান্ত দেন। এদিকে, নির্ধারিত সময়ের পর মনোনয়নপত্র জমা দেওয়ায় এনসিপির আরেক নেত্রী নুসরাত তাবাসসুমের আবেদনও গ্রহণ করা হয়নি। একই নির্বাচনে জামায়াত জোট থেকে ১৩ জন মনোনয়ন দিলেও যাচাই-বাছাইয়ে ১২ জনের প্রার্থিতা বৈধতা পায়। উল্লেখ্য, তফশিল অনুযায়ী আপিল নিষ্পত্তি চলবে ২৭ ও ২৮ এপ্রিল পর্যন্ত। প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২৯ এপ্রিল, প্রতীক বরাদ্দ ৩০ এপ্রিল এবং ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ১২ মে।